চুয়াডাঙ্গায় বুদ্ধিজীবী দিবস ও বিজয় দিবস উদযাপনের প্রস্তুতিমূলক সভা

চুয়াডাঙ্গায় শহীদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে আসন্ন ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

মহান বিজয় দিবস উপলক্ষ্যে ১৬ ডিসেম্বর সূর্যোদয়ের সাথে সাথে চুয়াডাঙ্গা বড় বাজার হাসান চত্বরে অবস্থিত শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পণ। সকাল আটটার সময় চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন এবং বর্ণাঢ্য কুচকাওয়াজ অনুষ্ঠিত হবে। পরে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় অবস্থিত মুক্ত মঞ্চে আলোচনা সভা ও বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান করা হবে। ওইদিন সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জাতীয় পতাকা উত্তোলন এবং করা হবে। হাসপাতাল, এতিমখানায় বিশেষ খাবার পরিবেশন করা হবে। বাদ জোহর দেশের শান্তি ও অগ্রগতি এবং সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে শহরের বিভিন্ন মসজিদে বিশেষ মোনাজাত এবং সুবিধাজনক সময়ে মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে। জেলা প্রশাসকের কার্যালয়ে প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হবে। এছাড়াও বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের সমন্নয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

পরে ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভায় সকলের সিদ্ধান্ত মোতাবেক দিবসটি যথাযথ মর্যাদায় ও নানা কর্মসূচীর মধ্য দিয়ে পালন করা হবে।

উক্ত সভায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবা, চুয়াডাঙ্গা সরকারি কলেজের

সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) নাজমুল হামিদ রেজা, (পুলিশ সুপার পদে পদোন্নতি প্রাপ্ত) অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) রিয়াজুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী অফিসার শামীম ভূইয়া, সহ সকল সরকারি দপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, সাংবাদিক, সামাজিক ও রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় মৎস্য চাষীদের মাঝে মাছের পোনা ও বিভিন্ন উপকরণ বিতরণ

দামুড়হুদায় উত্তম ব্যবস্থাপনায় অফ ফ্লেভার মুক্ত পাঙ্গাস ও তেলাপিয়া মাছ চাষ প্রদর্শনীর জন্য মাছ চাষীদের মাঝে মাছের পোনা ও বিভিন্ন উপকরণ বিতরণ করা হয়েছে।

আজ বুধবার দুপুর ২টার সময় ওয়েভ ফাউন্ডেশনের কোষাঘাটা ইউনিট চত্বরে আনুষ্ঠানিক ভাবে এসব উপকরণ বিতরণ করা হয়।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা কৃষক সংগঠন(সিআইজির) সভাপতি ও দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের মেম্বার মো সামসুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের সহকারি পরিচালক মোঃ কিতাব আলী।

এসময় আরো উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের সমন্বিত কৃষি ইউনিটের মৎস্য কর্মকর্তা এ বি এম আরমান হোসাইন, সহকারি মৎস্য কর্মকর্তা মোঃ সুমন আলী ও কোষাঘাটা ইউনিটের ইউনিট ম্যানেজার মোঃ নাসির উদ্দিন সহ উপকারভোগীগণ। ওয়েভ ফাউন্ডেশনের বাস্তবায়নে সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্য খাতের আওতায় দামুড়হুদা উপজেলায় পারকৃষ্ণপুর, মদনা, কার্পাসডাঙ্গা, কোষাঘাটা ও হিজলগাড়ি ইউনিটের

মৎস্য চাষীদেরকে উত্তম ব্যবস্থাপনায় অফ ফ্লেভার মুক্ত পাঙ্গাস ও তেলাপিয়া মাছ চাষ প্রদর্শনীর আওতায় পাঙ্গাস ও তেলাপিয়া মাছের পোনাসহ বিভিন্ন খাদ্য উপকরণ, চুন,সার, মাছ ধরার জাল ও সবজি বীজ বিতরণ করা হয়।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে টিসিবির পণ্য বিতরণ

দামুড়হুদা হাউলী ইউনিয়নে টিসিবির পণ্য বিতরণ করা হয়েছে। আজ বুধবার সকাল সাড়ে ৮টা থেকে পণ্য বিতরণ শুরু হয়। টিসিবির পণ্য বিতরণের শুভ উদ্বোধন করেন হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন। সবাই ঠিক ঠাক মতো কার্ড হাতে পেলেও টাকার অভাবে অনেকই তুলতে পারেনি পণ্য। কমপক্ষে ২ দিন আগে কার্ড দেওয়ার দাবি করেছে টিসিবির সেবা গ্রহীতারা।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে প্রতিমাসের মতো এবারো মোট ২২০৬ জন টিসিবির কর্ডধারীর মাঝে কার্ড বিতরণ করা হয়েছে। সবাই ঠিক ঠাক মতো কার্ড হাতে পেলেও অনেকই টাকার অভাবে টিসিবির পণ্য উত্তলন করতে পারেনি। টিসিবির কার্ড ধারী বেশ কয়েকজন সেবা গ্রহীতারা বলেন, আমরা তো গরিব মানুষ বলেই জননেত্রী শেখ হাসিনা’র মহৎ উদ্যোগে আমাদেরকে কার্ড দেওয়া হয়েছে। রাত্রে কার্ড হাতে পাচ্ছি, আর সকালে টিসিবির পণ্য তুলতে হচ্ছে। অন্তত কমপক্ষে দুই দিন আগে টিসিবির কার্ড আমাদের হাতে দেয়ার দাবি জানাচ্ছি। নিত্য প্রয়োজনীয় উর্ধগতির বর্তমান বাজারে আমরা এমনিতেই খুব কষ্টে আছি, আমাদের ঘরে কোন টাকা গচ্ছিত থাকেনা। আমরা দিন আনি দিন খাই, তাই টিসিবির পণ্য বিতরণের কমপক্ষে দুই দিন আগে যদি টিসিবির কার্ড আমরা হাতে পায় তাহলে খুব ভালো হতো। আগে থেকে কার্ড হাতে না পেলে আমাদের এই পণ্য তুলতে খুবই কষ্ট হয়। অনেক সময় নিজেরা টাকার অভাবে পণ্য তুলতে পারি না, তখন প্রতিবেশীদের সেই কার্ড দিয়ে দিতে হয়। দিনশেষে অনেকেই পণ্য উত্তোলন করতে পারেনি, ফলে সেসব পণ্য রয়েই গেছে। তাই প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা’র মহতী উদ্যোগকে সফল করতে অন্তত কমপক্ষে ২ দিন আগে টিসিবির কার্ড, সেবা

গ্রহীতাদের হাতে তুলে দেওয়া দরকার। না হলে এই মহতী উদ্যোগ ব্যাহত হতে পারে বলে মনে করেন সচেতন মহল।

এবিষয়ে হাউলী ইউনিয়ন পরিষদের (ভারপ্রাপ্ত) চেয়ারম্যান নিজাম উদ্দিন বলেন, টিসিবির পণ্য যেনো সবাই উত্তোলন করতে পারে এটাই আমাদের কাম্য। আগামী বার যখন টিসিবির পণ্য বিতরণ করা হবে তখন কমপক্ষে দুই দিন আগে টিসিবির সেবা গ্রহীতাদের কাছে কার্ড পৌঁছে দেওয়া হবে। কারো কোন অসুবিধা হোক এটা আমরা কোন সময় চাই না। আমরা চাই জননেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনা’র এই মহতী উদ্যোগ যেন কোনভাবেই বিনষ্ট না হয়।

দামুড়হুদার জয়রামপুর রেলস্টেশনে গণস্বাক্ষর অনুলিপি প্রদান

দামুড়হুদা থানার একমাত্র রেল স্টেশন জয়রামপুর রেল স্টেশন। এক কথায় বলা যায় চুয়াডাঙ্গার ঐতিহ্যবাহী রেলস্টেশন জয়রামপুর রেল স্টেশন। নকশী কাঁথা ২৫ এবং নকশি কাঁথা ২৬ ট্রেনটি খুলনা থেকে পদ্মা সেতু হয়ে সরাসরি ঢাকার উদ্দেশ্যে নতুন যাত্রা শুরু করতে যাচ্ছে। এই নতুন রোডম্যাপে জয়রামপুর রেলস্টেশনে যাত্রা বিরতি তালিকা ভুক্ত না হওয়ায় এখানে যাত্রা বিরতি বন্ধ করা হয়েছে। জয়রামপুর রেল স্টেশনে নকশি কাথা ২৫ এবং ২৬ ট্রেনের যাত্রা বিরতি পুনর বহাল রাখার জন্য জয়রামপুর সহ আশেপাশে গ্রামের মানুষের গণস্বাক্ষর সহ অনুলিপি প্রদান করা হয় বিভাগীয় রেল ব্যবস্থাপক এর কার্যালয় পাকশী।

বিভাগীয় রেল ব্যবস্থাপক বলেন, জয়রামপুর রেল স্টেশন একটি কৃষি উদ্ভাসিত এলাকা এখানে প্রচুর পরিমাণ সবজি উৎপাদন হয় যা ট্রেনের মাধ্যমে দেশে বিভিন্ন স্থানে যায়। এ বিষয়ে আমাদেরকে অনেক আগেই অবগত করা হয়েছে, আমরা আমাদের সাধ্যমত চেষ্টা করছি জয়রামপুর রেলস্টেশনে নকশী কাঁথা ২৫ এবং নকশী কাঁথা ২৬ ট্রেনটির যাত্রা বিরতি দেওয়ার জন্য।

এ বিষয়ে হাউলি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকনের কাছে জানতে চাইলে তিনি বলেন, জয়রামপুর স্টেশনে যদি নকশি কাথা ২৫ এবং নকশি কাথা ২৬ ট্রেনটি যাত্রা বিরতি না করে তাহলে কৃষির ওপরে বড় ধরনের প্রভাব পড়বে এতে কৃষক ক্ষতির সম্মুখীন হবে। সবজি সহ কাঁচামালের দাম কমতে থাকবে যা কৃষিতে ভয়ানক ক্ষতি বয়ে আনতে পারে।

দর্শনা প্রেসক্লাবের পক্ষ থেকে এমপি টগরকে ফুলেল শুভেচ্ছা

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামীলীগের দলীয় প্রার্থী ও নৌকার কান্ডারী হওয়ায় দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে এমপি হাজী আলী আজগার টগরকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে।

গতকাল মঙ্গলবার সন্ধা সাড়ে ৭ টায় আওয়ামীলীগের দলীয় কার্যলয়ে ফুলেল শুভেচ্ছা প্রদানকালে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু,দর্শনা প্রেসক্লাবের সভাপতি জাহিদুল ইসলাম,সাধারন সম্পাদক হানিফ মন্ডল, সাংবাদিক সমিতির সভাপতি ইকরামুল হক পিপুল,সাধারন সম্পাদক আহসান হাবীব মামুন,সাবেক সভাপতি আওয়াল হোসেন,সাবেক সাধারন সম্পাদক ওসমান আলী,তথ্য প্রযুক্তি বিষয়ক সম্পাদক ওয়াসিম রয়েল।

এ সময় এমপি টগর সাংবাদিদের সার্বিক সহযোগিতা কামনা করেন।

চুয়াডাঙ্গায় প্রতারণা চক্রের

এক সদস্য আটক

চুয়াডাঙ্গায় প্রতারণা করে টাকা ও স্বর্ণালংকার হাতিয়ে নেওয়া চক্রের এক সদস্য আলমডাঙ্গার আলিফউদ্দিন মোড় থেকে পাকড়াও করেছে এলাকাবাসী।

গতকাল মঙ্গলবার সকাল ১১ টার দিকে তাকে ধরে পুলিশে সোপর্দ করা হয়। আটক রানা আহমেদ (৩৭) নারায়ণগঞ্জ জেলার রুপপুর এলাকার আব্দুস সাত্তারের ছেলে।

জানা গেছে,আলমডাঙ্গার বটিয়াপাড়ার কামেনি খাতুন জানান,গত ১ মাস পূর্বে তার মেয়ের চিকিৎসার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে যাচ্ছিলেন। পথে রানা আহমেদের সাথে পরিচয় হয়। ভুক্তভোগী ওই নারীর মেয়ের চিকিৎসার জন্য মদিনা ক্লিনিকে যাবার পরামর্শ দেয়। এসময় চক্রের অজ্ঞাত আরেক সদস্য পিছন থেকে চেতনা নাশক ঔষধ স্প্রে করে। তার ব্যাগে থাকা নগদ ১০ হাজার টাকা, স্বর্ণের একজোড়া দুল ও চেইনসহ লকেট নিয়ে নিয়ে চম্পট দেয়।

টাকা গহনা খুইয়ে ওই নারী বিপর্যস্ত হয়ে পড়েন। এরই এক পর্যায়ে গতকাল মঙ্গলবার কামেনি খাতুন সহ কয়েকজন তাদের কাজে আলমডাঙ্গা আসছিলেন। পথিমধ্যে পৌর এলাকার আলিফ উদ্দিন মোড়ে দাঁড়িয়ে থাকতে দেখে চক্রের দুই সদস্যকে চিনে ফেলেন কামেনি খাতুন। তিনি চিৎকার করলে দুইজন দুই দিকে দৌঁড়ে পালিয়ে যাবার চেষ্টা করে। এ সময় স্থানীয়রা রানা আহমেদকে ধরে ফেলে। পরে তাকে পুলিশে সোপর্দ করা হয়। পুলিশ তার স্বীকারোক্তিতে কুষ্টিয়া থেকে চক্রের আরও দুই সদস্যকে আটক করে চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের কাছে হস্তান্তর করেন।

আলমডাঙ্গায় ওয়ার্ড আওয়ামীলীগের

সভাপতি মারমারি মামলায় গ্রেফতার

আলমডাঙ্গা পৌরসভার ৬ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি রেজাউল হক তবাকে একটি মারধরের মামলায় গ্রেফতার করেছে পুলিশ। আজ মঙ্গলবার দুপুরের তরে নিজ এলাকা থেকে পুলিশ তাকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত রেজাউল হক তবা পৌর এলাকার গোবিন্দপুর গ্রামের মৃত মকবুল হোসেনের ছেলে।

জানা গেছে,আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে গতকাল সোমবার সন্ধ্যায় আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগের উদ্যোগে মতবিনিময় সভার আয়োজন করা ওই সভায় রেজাউল হক তবা বক্তব্য রাখছিলেন।

এ বক্তব্য অপত্তিকর দাবী করে তা বন্ধ করতে বলেন পৌর আওয়ামী লীগের যুগ্নসাধারণ সম্পাদক সাইফুর রহমান পিন্টু। একপর্যায়ে দুজনের মধ্যে গালিগালি ও চেয়ার ছোড়াছুঁড়ি শুরু হয়। এসময় চেয়ারের আঘাতে পিন্টুর মাথায় রক্তাক্ত জখম হয়। উপস্থিত নেতা-কর্মীরা পিন্টুকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে ভর্তি করেন।

গতকাল সোমবার রাতেই পৌর আওয়ামীলীগের যুগ্নসাধারণ সম্পাদক সাইফুর রহমান পিন্টু বাদি হয়ে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করেন। ওই মামলায় আজ মঙ্গলবার দুপুরে ৬ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতিকে তার নিজ বাড়ি থেকে তাকে গ্রেপ্তার করে পুলিশ।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথ জানান, সোমবার রাতে মারামারির ঘটনায় তোবারক হোসেন নামের এক আওয়ামী লীগ নেতাকে গ্রেপ্তার করা হয়। দুপুরে চুয়াডাঙ্গা আদালতের মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়েছে।

চুয়াডাঙ্গা আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরষ্কার বিতরণ

চুয়াডাঙ্গা সরকারি কলেজের আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা সরকারি কলেজ মাঠ প্রাঙ্গণে এ টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা সরকারি কলেজ কৃষিশিক্ষা বিভাগের বিভাগীয় প্রধান ও আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্টের সভাপতি সহযোগী অধ্যাপক রুহুল আমিন এর সভাপতিত্বে টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড.এ কে এম সাইফুর রশিদ। এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন জয়- পরাজয় মিলেই খেলাধুলা। এটা মেনে নিয়ে এগিয়ে যাওয়ার মানসিকতা তৈরি করতে অত্যন্ত জরুরী। খেলাধুলা শারীরিক গঠন,মানসিক বিকাশ ও নেতৃত্ব গড়ে তুলতে সহায়তা করে। তাই লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা একান্তভাবে জরুরী। তিনি বিজয়ী, বিজিত ও খেলায় অংশগ্রহণকারী- সবাইকে অভিনন্দন জানান।

এ সময় তিনি আরও বলেন, আগামী স্মার্ট বাংলাদেশ গড়তে স্মার্ট নাগরিকের পাশাপাশি স্মার্ট খেলোয়াড় দরকার।মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকল ছাত্র ছাত্রীদের খেলার জন্য আলাদা কিছু ভাবছে। তাই বেশি বেশি খেলার অনুশীলনী করতে হবে। যারা খেলাধুলা করেন, তাঁদের মন ভালো থাকে, তাঁরা শান্তিতে থাকেন। মাদক, সন্ত্রাস ও জঙ্গি তৎপরতা থেকে দূরে থাকেন। এ সময় তিনি চুয়াডাঙ্গা সরকারি কলেজ বেশি বেশি সকল প্রকার খেলাধুলা আয়োজন করার প্রত্যয় ব্যক্ত করেন এবং আগামীতে আরও বড় প্রতিসরে খেলা আয়োজনে হবে বলে জানান তিনি। পুরুষ্কার বিতরণ শেষে টুর্নামেন্ট সফল করার জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত শিক্ষক, রোভার স্কাউটস, রেড ক্রিসেন্ট ও বিএসিসি সদস্য সকলকে আন্তরিকতার সাথে ধন্যবাদ জ্ঞাপন করেন।

চুয়াডাঙ্গা সরকারি কলেজের নিজস্ব তত্বাবধানে আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্ট শুরু হয়।মোট চারটি গ্রুপে ১৫টি বিভাগের খেলোয়াড়দের অংশগ্রহণ টুর্নামেন্টে প্রাণবন্ত হয়ে ওঠে। ফাইনাল খেলায়

চুয়াডাঙ্গা সরকারি কলেজের একাদশ- দ্বাদশ বিভাগ ও ব্যবস্থাপনা বিভাগ অংশগ্রহণ করে। নিদিষ্ট সময় শেষে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে ব্যবস্থাপনা বিভাগ। খেলায় একাদশ-দ্বাদশ বিভাগকে ১ গোলে হারাই ব্যবস্থাপনা বিভাগ।

টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের উপাধাক্ষ্য ফারজানা কেতকী, চুয়াডাঙ্গা সরকারি কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক সফিকুল ইসলাম

এ সময় আরও উপস্থিত ছিলেন, হিসাব বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক আবু বক্কর সিদ্দিক, বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ড. আব্দুল আজিজ,সহযোগী অধ্যাপক জাহিদুল হাসান, সহযোগী অধ্যাপক ফরহাদ হোসেন, সহযোগী অধ্যাপক হাফিজুর রহমান, সহযোগী অধ্যাপক দেলোয়ার হোসেন, প্রভাষক ইয়াজিদ হোসেন, প্রভাষক তুষার আহমেদ,প্রভাষক আজিম হোসেন সহ চুয়াডাঙ্গা সরকারি কলেজের বিভিন্ন বিভাগের সহযোগী অধ্যাপক ও প্রভাষক বৃন্দ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় মোটরসাইকেলের ধাক্কায় কৃষক নিহত

আলমডাঙ্গায় রাস্তা পারাপারের সময় মোটরসাইকেলের ধাক্কায় আয়ুব আলী
(৬০) নামের একজন কৃষক নিহত হয়েছেন। আজ মঙ্গলবার সকাল সাড়ে ১১ টার দিকে আলমডাঙ্গা-কুষ্টিয়া আঞ্চলিক সড়কের জগন্নাথপুর এলাকায় এই দুর্ঘটনা ঘটে। ঘটনাস্থলে তার মৃত্যু হয়েছে।

এ দুর্ঘটনায় আহত হয়েছেন মোটরসাইকেলচালক মাহবুব আলম (৩৮)। তিনি উপজেলার খাদেমপুর ইউনিয়নের বটিয়াপাড়া এলাকার আনিসুজ্জামানের ছেলে।

স্থানীয়–পুলিশ সূত্রে জানা যায়, মঙ্গলবার সকালে আয়ুব আলী মাঠে কৃষি কাজ করে বাড়ির উদ্দেশ্যে তিনি আলমডাঙ্গা-কুষ্টিয়া আঞ্চলিক সড়ক পার হচ্ছিলেন। এ সময় আলমডাঙ্গা থেকে কুষ্টিয়ামুখী একটি

মোটরসাইকেল তাঁকে ধাক্কা দেয়। এতে তিনি ও মোটরসাইকেলচালক সড়কের ওপর ছিটকে পড়েন। এ সময় কৃষক আয়ুব আলী ঘটনাস্থলে মারা যান। আশপাশের লোকজন মোটরসাইকেল চালককে উদ্ধার করে স্থানীয় একটি ক্লিনিকে ভর্তি করেন।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বিপ্লব কুমার নাথ জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। সুরতহাল রিপোর্ট সংগ্রহ করা হয়েছে। এ ঘটনায় আইনানুগ কার্যক্রম প্রক্রিয়াধীন।

জীবননগরে আনন্দ মিছিল ও আলোচনা সভা অনুষ্ঠিত

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে হাজী মোঃ আলী আজগার টগর চুয়াডাঙ্গা-২ (জীবননগর-দামুড়হুদা) আসন থেকে আওয়ামী লীগের মনোনয়ন পাওয়ায় জীবননগরে আনন্দ মিছিল, মোটরসাইকেল শোডাউন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৩টার সময় জীবননগর পৌর আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা জীবননগর উপজেলার হাসাদহ বাজার থেকে একটি আনন্দ মিছিল বের করেন।

মিছিলটি হাসাদহ বাজার থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে জীবননগর বাসষ্ট্রান্ড চত্বরে এসে শেষ হয়। এরপর জীবননগর মুক্ত মঞ্জে উপজেলা সদরে দলীয় নেতা-কর্মী ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সাথে মতবিনিময় করেন এমপি টগর ।

এ সময় উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাফিজুর রহমান,দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু,জীবননগর পৌর সভার মেয়র রফিকুল ইসলাম,দশনা পৌর সভার মেয়র আতিয়ার রহমান হাবু,জীবননগর পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও সাবেক মেয়র জাহাঙ্গীর আলম,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা ,মনোহরপুরইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান,বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল

কাদের প্রধান,উথলী ইউপি চেয়ারম্যান আব্দুল হান্নান,কে,ডি,কে ইউপি চেয়ারম্যান খাইরুল বাশার শিপলুসহ বিভিন্ন ইউনিয়নের নেতাকমিগন উপস্থিত ছিলেন।

জীবননগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা বলেন, ‘আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা পুনরায় চুয়াডাঙ্গা -২ আসনের যোগ্য প্রাথী হাজী আলী আজগার টগরকে দলীয় মনোনয়ন দেওয়ায় আমরা আনন্দিত। হাজী আলী আজগার টগর এই আসন থেকে যতবার নির্বাচন করেছেন, ততবারই বিপুল ভোটে জয়ী হয়েছেন। তাঁর বিপক্ষে যাঁরা নির্বাচন করেছেন, তাঁরা সবাই জামানাত হারিয়েছেন। আশা করছি আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আলী আজগার টগরের বিপক্ষে এখানে কোনো দল থেকে কেউ প্রতিদ্বন্দ্বিতা করলে তিনিও জামানাত হারাবেন।’

চুয়াডাঙ্গা-২ আসনে আওয়ামীলীগের মনোনীত প্রাথী হাজী আলী আজগার টগর বলেন, ‘প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাকে যোগ্য মনে করে আবারও মনোনয়ন দিয়েছে এ নিয়ে আমি পাচবার জাতীয় সংসদ সদস্য হিসাবে নির্বাচনে অংশগ্রহন করবো এর আগেও এই আসন থেকে আমি ৪বার বিজয় লাভ করেছি আশাকরি এবারও জয়লাভ করবো । তিনি আরও বলেন, ‘প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় আশার পর তিনার দেওয়া নিদেশনা মতে আমি আমার এলাকায় ব্যাপক উন্নয়নমূলক কাজ করেছি এবং আগামি নিবাচনে নিবাচিত হয়ে আমার নিবাচনী এলাকায় যে সমস্থ উন্নয়নমূলক কাজ এখনও সমাপ্ত হয়নি সেগুলো সমাপ্ত করবো ।